150 Rs.

INDIA NON JUDICIAL

१५०रु. Rs 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

Admissible under Regn. Rule 21 and also u/s 5(1) of the West Bengal L R. Act 1955, duly stamped (Exempted from stamp duty) under the Indian Stamp Act. 1899 as amended in 1964. Schedule 1A No 23

Process Fee

Paid in C. F. S. 3-10

A 31.50
N 0.60
32.10

District Sub-Registrar
Alipore, 24 Parganas
5.12.80

AS CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM

মঃ ৩,৪২৩ তিন হাজার চারি শত তেইশ টাকা মূল্যের
সাফ বিক্রয় কোবালা ।

**কোবালা গ্রহিতা**

শ্রী হেমেন্দু প্রসাদ সোম
পিতা মৃত গিরীন্দ্র মোহন সোম
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ২, হালদার বাগান
পোঃ থাঃ বরহড়া
জেলা ২৪ পরগণা ।

**কোবালা দাতা**

মহাতীর্থম, সন ১৯৬১ সালের পশ্চিম বঙ্গের সোসাইটী রেজিস্ট্রেশান এ্যাক্টের ২৬ নং ধারা অনুসারে রেজিস্ট্রী কৃত এস ১৬৬২৩ নং রেজিস্টার্ড রিলিজিয়াস সোসাইটি পক্ষে সভাপতি শ্রী দীপক কুমার মুখার্জি, পিতা মৃত অমরেন্দ্র নাথ মুখার্জি, জাতি হিন্দু, পেশা ধর্মভক্ত, সাকিন ২৪/১, গড়চা রোড, থানা কসবা, জেলা ২৪ পরগণা, কলিকাতা - ৭০০০৭৮ ।

কস্য নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত ।১৬/০২৪ ছয় কাঠা তের ছটাক ছত্রিশ স্কোয়ার ফুট জমি মায় তাহাতে যাতায়াতের জন্য রাস্তা যাহা অত্র দলিল সংলগ্ন নক্সায় বিশেষরূপে বর্ণিত, সর্ব্ব প্রকার স্বত্ব ও যাবতীয় স্বত্বাদি

AS CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM.

সহ নির্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ

* দক্ষিন

জেলা ২৪ পরগণা, থানা টালিগঞ্জ পরে কসবা হাল তিলজলা সাব রেজিষ্ট্রী অফিস আলিপুর অন্তর্গত মৌজা মাদুরদহ গ্রামে ২৯৯৮ নং তৌজি ভুক্ত রেভিনিউ সার্ভে নং ২১২, জে,এল ১২, ১৯০ নং খতিয়ান ভুক্ত দাগ নং ৪৫৫ মৎস্য চাষের বিল জমি, শ্রী জীবন কুমার বসু মহাশয়ের স্বত্ব দখলি সম্পত্তি থাকে ও উক্ত সম্পত্তি শ্রী জীবন কুমার বসু মহাশয় সাফ বিক্রয় কোবালা মূলে বর্তমান কোবালা দাতার নিকট বিক্রয় করেন ।- উক্ত বিক্রয় কোবালা আলিপুর রেজিষ্ট্রী অফিসে ১নং বহির ৪৬ নং ভলিউমে ১ হইতে ৫ পৃষ্ঠায় ইংরাজী ১৯৮০ সালের ৯৩৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে ।

উক্ত সম্পত্তি কালীচরণ প্রামানিকদিগের বিগত ইংরাজী ৬।৭।৪৯ তারিখে খরিদা ও খাস স্বত্ব দখলিও সম্পত্তি থাকে । তিনি উক্ত তারিখে খরিদা ভূসম্পত্তিতে একক ষোল আনা মালিক স্বত্বাধিকারী সূত্রে ভোগ ব্যবহার করিয়া আসিতে থাকাকালীন বিগত ইংরাজী ১১।৮।৫০ তারিখে সম্পাদিত ও মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ৬৬ নং ভলিউমে ১১২ হইতে ১১৫ নং পাতায় লিখিত ৩৭৩২ নং একেত্ত মৌরসী মোকররী পাট্টা মূলে উক্ত মৌজাস্থিত বিগত জেলা জরিপের ১৩০ নং খতিয়ান ভুক্ত ৪৪৮ নং দাগের বিল জমি জয়কৃষ্ণ প্রামানিক, হরেকৃষ্ণ প্রামানিক মহাশয় দ্বয়কে চিরস্থায়ী বন্দোবস্ত দিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন । এমত প্রকার জয়কৃষ্ণ প্রামানিক ও হরেকৃষ্ণ প্রামানিক মহাশয়দ্বয় বন্দোবস্ত মূলে উক্ত বিল জমি বন্দোবস্ত নিয়া তাহাতে মৎস্য চাষ দ্বারা উৎকৃষ্ট ভোগে ভোগবান দখলিকার থাকা অবস্থায় বিভিন্নকাল

[signature]
AS CONSTITUTED ATTORNEY F…
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM

জরিপ উপস্থিত হয়। রিভিশনাল জরিপে জয়কৃষ্ণ ও হরেকৃষ্ণ প্রামানিক মহাশয়দ্বয় তাহাদের বন্দোবস্ত লওয়া মাদুরদহ মৌজার ১৯৩ নং খতিয়ানে ৪৫৫ নং দাগে বিল জমি তাহাদের উভয়ের নামে রেকর্ড লিপিবদ্ধ করাইয়া নিয়া তাহাদের তাহার বাবদ দেয় ধার্য্য করাদি বর্ত্তমান মালিক জমিদার সরকার সেরেস্তায় সন সন আদায় দিয়া দাখিলাদি গ্রহণে ভোগ ব্যবহার করিয়া আসিতে থাকাকালে নগদ টাকার বিশেষ প্রয়োজনে উক্ত জমি বিগত ইংরাজী ১৯৬০ সালের ২৫ শে জানুয়ারী তারিখে সম্পাদিত ও মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী কৃত ১নং বহির ১২ নং ভলিউমে ১৭৯ হইতে ১৮৩ নং পাতায় ৬১০ নং কোবালা মূলে সাং ৪০ নং বৈঠকখানা রোড কলিকাতা – ৯ নিবাসী শ্রী জীবন কুমার বসু মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলহীন হন। অতঃপর জীবন কুমার বসু মহাশয় তাহার খরিদা উক্ত ১৩।২।৮০ তারিখে দলিল দাতাকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হন। অত্র দলিলে বিক্রিত জমি উক্ত ১৩।২।৮০ তারিখে খরিদা কোবালার বিল জমির অংশ হইতেছে এবং উক্ত কোবালা দলিল খানি মোকাম আলিপুর ডিস্ট্রীক্ট রেজিষ্ট্রী অফিসে ১৯৮০ সনে রেজিষ্ট্রী কৃত হয়। উক্ত কোবালা রেজিষ্টারীর বিবরণ পূর্ব্বে লিপিবদ্ধ হইয়াছে।

অত্র দলিল দাতা উপরিউক্ত কোবালা মূলে উক্ত জমি খরিদ করিয়া তাহাতে মৎস্য চাষ দ্বারা তাহার উপস্বত্ব ভোগ ব্যবহার করিতে থাকেন। বর্ত্তমানে নিম্ন লিখিত বিল জমি বিক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করায় আপনি কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উক্ত বিল জমি যাহা অত্র সংলগ্ন নক্সায় বিশেষ রূপে প্রদর্শিত ।১৬/০২৪´ ছয় কাঠা তের ছটাক চব্বিশ স্কোয়ার ফুট বিল জমি বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য ৩,৪২৩্ তিন হাজার চারি

AS CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM.

শত তেইশ টাকায় খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং আপনি কোবালা গ্রহিতা উক্ত জমি সরেজমিনে পরিদর্শন করিয়া ও আমার দলিলের স্বত্বাদির কাগজ পত্রাদি পরীক্ষা করিয়া উহা খরিদ করিতে সম্মত হওয়ায় দলিল দাতা আমি আপনার প্রস্তাবিত পণ বর্তমান বাজারোচিত বিবেচনা করিয়া অদ্য তারিখ নিম্নের রায়মত ধার্য্য পণ মূল্যের সমুদয় ৩,৪২৩ তিন হাজার চারি শত তেইশ টাকা সম্পূর্ণ নগদ এক কালীন গ্রহন করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর এই নিঃস্বত্ব লাভ বিক্রয় কোবালা দলিল প্রস্তুত পূর্ব্বক সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে বিক্রীত উক্ত জমি যাহা নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও অত্র সংলগ্ন নকসায় প্রদর্শিত আমি দলিল দাতা আমার যে সমুদয় স্বত্ব সামিত্ব স্বার্থ দখল অধিকার হক, হকিয়ত, দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে এই বিক্রয় কোবালা দলিলের বলে আমার হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত ও ধ্বংস হইয়া সর্বতোভাবে কোবালা গ্রহিতা আপনাতে নিগূঢ় স্বত্বে বর্ত্তিল। আপনি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান ও মালিক দখলীকার হইয়া হাল মালিক দখলীকার হইয়া হাল মালিক [illegible] সরকার সেরেস্তায় আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন ক্রমে ধার্য্য খাজনাদি আদায়ে দাখিলাদি গ্রহণে উহা সর্ব প্রকার দান বিক্রয় হস্তান্তর অবস্থান্তর সর্ববিধ রূপান্তর ও উক্ত বিল জমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত পরবর্তী ব্যক্তি গণক্রমে পরম সুখে ভোগ ব্যবহার করিতে থাকুন ও থাকিবেন তাহাতে আমি দলিল দাতা বা আমার স্থলাভিষিক্ত গণ কেহ কখনও কোন দিন কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না বা করিলেও তাহা এই বিক্রয় কোবালা দলিলের বলে সর্ব্বদা সর্ব্বথা সকল প্রকার অফিস আদালতাদিতে সর্বতঃ ভাবে অসিদ্ধ, অগ্রাহ্য ও

AS CONSTITUTED ATTORNEY FO
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM

নামঞ্জুর হইবে। বিশেষ ভাবে প্রকাশ থাকে যে বিক্রীতউক্ত বিল জমি বা তাহার কোন অংশ আমি দলিল দাতা ইতিপূর্বে কাহাকেও বা কোন সূত্রে কোন প্রকার দায় সংযোগ বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন বাকি করের দায়ে নিলাম বিক্রয় হয় নাই বা তাহাতে কোনো প্রকার মামলা চলিত অথবা মুলতুবী নাই বা কোন আদালতে বিক্রীত সম্পত্তি ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে। উক্ত জমিতে কোন মৎস্য চাষী নাই বা উক্ত বিল জমি আমি মৎস্য চাষ করিবার জন্য কাহাকেও লিজ দেই নাই। আমি কোনো কথা গোপন করি নাই। উহাতে আমার আর কোনশরিক অংশীদার বা দাবীদার নাই। আমি নিম্ন তপশীল বর্ণিত জমির একমাত্র মালিক ও স্বত্বাধিকারী থাকাকালে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় এই দলিল দ্বারা আপনাকে উক্ত বিল জমি বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইয়া খাস দখল বুঝাইয়া দিলাম। ভবিষ্যতে উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোনো একটি উক্তি মিথ্যা, প্রবঞ্চকী বলিয়া প্রকাশ পাইয়া আপনার এই দলিল মূলে খরিদা জমি জমাতে নিরুপদ্রব ভোগ ব্যবহারে কোনো প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিলে আমি দলিল দাতা তজ্জন্য সম্পূর্ণ দায়িক রহিলাম এবং আপনার পণ মূল্যের দেয় সমুদয় টাকা এক কালিন আদায় দিতে বাধ্য সম্মত ও স্বীকৃত রহিলাম। ভবিষ্যতে এই বিক্রয় কোবালায় কোন প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে বা এই দলিলের পোষকতায় অপর কোন স্বত্বের পোষক দলিল করিবার আবশ্যক হইলে আমি দলিল দাতা দলিল গ্রহিতা আপনার নিকট হইতে কোন পণ বা পারিশ্রমিকের দাবী না করিয়া পরন্তু আপনার ব্যয়ে উক্ত সকল প্রকার ভুল ভ্রান্তি সংশোধন দলিল ও স্বত্বের পোষক দলিল যথারীতি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

AS CONSTITUTED ATTORNE
SRI DIPAK KR. MUKHER
PRESIDENT OF MAHATIRTH

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে আপন ইচ্ছাতে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় স্বজ্ঞানে এই বিক্রয় কোবালা খানি পাঠ করিয়া তাহার মর্ম সম্যক অবগত হইয়া এবং পণের সমুদয় ৩৪২৩/- টাকা নিম্ন মায়মত নগদ গ্রহণ করিয়া এই বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম । ইতি সন ১৩৮৭ সালের ১৬ ই অগ্রহায়ন, মোতাবেক ইংরাজী সন ১৯৮০ সালের ২ রা ডিসেম্বর ।

## বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয়

অধুনা দক্ষিণ 24 পরগনা

জেলা ২৪ পরগণা, থানা টালিগঞ্জ, পরে কসবা হাল তিলজলা, সাব রেজিস্ট্রী অফিস আলিপুর, মৌজা মাদুরদহ গ্রামে ২৯৯৮ নং তৌজি ভুক্ত রেভিনিউ সার্ভে নং ২১২ জে,এল, নং ১২ রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ১৯০ নং খতিয়ান ভুক্ত ৪৫৫ চারি শত পঞ্চান্ন নং দাগে রাস্তা সমেত ।১৩/০২৪ ছয় কাঠা তের ছটাক চব্বিশ স্কোয়ার ফুট বিল জমি যাহা অত্র দলিল সংলগ্ন দাখিলী নক্সায় লাল রংয়ের সীমা রেখার দ্বারা বেষ্টিত এবং ৫ নং প্লট রূপে প্রদর্শিত উহাই এই দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । তাহার হাওয়াহারি খাত বার্ষিক .৪০ পয়সা বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণার কালেক্টার বাহাদুর সরকারে দেয় । দলিল সংলগ্ন দাখিলী নক্সায় প্রদর্শিত রাস্তার জমির উপর দিয়া দলিল গ্রহিতা আপনি আপনার ওয়ারিশান স্থলাভিষিক্ত পরবর্তী ব্যক্তিগণক্রমে সকল প্রকার ইজমেন্ট স্বত্ব ভোগ করিতে পারিবেন । বিক্রীত জমি মাদুরদহ অঞ্চল পঞ্চায়েতের অন্তর্ভুক্ত হইতেছে।

## বিক্রীত সম্পত্তির চৌহদ্দি :-

উত্তর - ৪৫৫ নং দাগে মহাতীর্থের জমি ।

দক্ষিণ - রাস্তা ।

AS CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM

পূর্ব্ব - শ্রীমতী সন্ধ্যা ঘোষ এর জমি ।

পশ্চিম - শ্রীমতী পূরবী গাঙ্গুলীর জমি ।

পণের টাকার প্রাপ্তি

১০০৲ টাকার নোট ৩৪ কেতা - ৩৪০০৲ টাকা

১৲ টাকার নোট ২৩ কেতা - ২৩৲ টাকা

৩৪২৩৲ টাকা

মঃ তিন হাজার চারি শত তেইশ টাকা মাত্র ।

AS CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR. MUKHERJI
PRESIDENT OF MAHATIRTHAM

ইসাদি :-

Tarun Kanti Guha
Po+vill- Panisila (South)
Sodpur
24 Pgs.

টাইপকারক
শ্রী
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭ ।

SITE PLAN FOR

PART OF C.S & R.S DAG NO - 448 & 455

UNDER MOUZA MADURDAHA J.L. NO-12


KHATIAN NO-190 SHEET NO - 2

P.S. TILJALA DIST: 24 PGNS

REF: PLOT NO-5 AREA: 6K-13CH-24SQFT

PLOT HOLDER: HEMENDRA PRASAD SHOME

SCALE: 1mm = 1'-0"




CONSTITUTED ATTORNEY FOR
SRI DIPAK KR MUKHERJI
PRESIDENT OF